সংবাদ

তারিখ 21 MAY 2005
পৃষ্ঠা ৭ কলাম ৮

# বেসরকারি বিশ্ববিদ্যালয় না থাকলে অনেক ছাত্রই ঝরে যেতো : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সুযোগ না থাকলে অনেক ছাত্রই অকালে ঝরে যেতো এবং সৌভাগ্যবানদের কেউ কেউ বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যয়ে একই মানের উচ্চশিক্ষার জন্য বিদেশে পাড়ি দিত। বুধবার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে ইস্টার্ন ইউনিভার্সিটির দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী একথা বলেন।

বর্ষপূর্তি অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী মেজর জেনারেল (অব.) এম আনোয়ারুল কবীর তালুকদার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. আসাদুজ্জামান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইউনিভার্সিটির উপাচার্য ড. এ কে ফজলুল হক শাহ এবং অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইস্টার্ন ইউনিভার্সিটি ফাউন্ডেশনের বোর্ড অফ গভর্নর্সের সদস্য আজিজুল ইসলাম ও ইকবালুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্টার্ন ইউনিভার্সিটি ফাউন্ডেশনের চেয়ারম্যান ও এফবিসিসিআই সহ-সভাপতি আবুল কাসেম হায়দার। সংবাদ বিজ্ঞপ্তি।